দৈনিক ইনকিলাব

২২

তাং ... ১৯৮৯
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

22

# গণশিক্ষার জন্য চাই সামাজিক আন্দোলন—সরকারী দল

## সর্বস্তরের প্রতিনিধি নিয়ে শিক্ষা পরিষদ হোক —বিরোধী দল

।। সংসদ রিপোর্টার ।।

গতকাল জাতীয় সংসদে জাতীয় শিক্ষা নীতি ও দুই হাজার সালে সবার জন্য শিক্ষা কার্যকর করা সংক্রান্ত আলোচনার স্বাভাবিক পরিসমাপ্তি ঘটে। এ আলোচনায় সংসদ নেতা প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদ নিরক্ষরতা দূরীকরণে জাতীয় সমঝোতার ভিত্তিতে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়েছেন।

বিরোধী দলীয় নেতা জনাব আ, স, ম, আবদুর রব সমাজের সর্বস্তরের প্রতিনিধি নিয়ে জাতীয় শিক্ষা পরিষদ গঠন এবং গণমুখী ও উৎপাদনমুখী শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার আহবান জানিয়েছেন। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন,

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## সংসদ সন্দেশ

।। মঞ্জুরুল আলম ।।

আলোচ্য বিষয় ছিল শিক্ষানীতি। বিরোধী দলীয় উপনেতা জনাব এহসান আলী খান আলোচনা করতে উঠেই দুর্নীতি আর ঘুষ নীতির উপর একটি গা-ঝাড়া বক্তৃতা দিয়ে দেন। তার প্রায় পুরো বক্তৃতাটাই ঘুষনীতি, দুর্নীতির নানা দিক নিয়ে আবিষ্ট ছিল।

একটি পর্যায় পর্যন্ত বিষয়টি অনেকের কাছে 'শীতকালে গ্রীষ্মের ওয়াজ' বলে মনে হলেও জনাব এহসান আলী খান শেষ মুহূর্তে এভাবে যোগসূত্র গড়ে তুলেন যে 'তাই বলছি দুর্নীতি আর ঘুষনীতি দূর না হলে কোন শিক্ষানীতিরই সুফল আমরা পাব না।'

## বিরোধী দল

প্রথম পৃষ্ঠার পর

নির্বাচনোত্তর সংঘর্ষজনিত পরিস্থিতিকে পাশ কাটিয়ে যাওয়া যায় না।

সংসদ নেতা প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ ধরনের ঘটনা নতুন নয়। ঘটনা ঘটলেই মুলতবী প্রস্তাব আনতে হবে, এটা ঠিক নয়। শিক্ষাঙ্গনের সামগ্রিক পরিস্থিতি নিয়ে আলোচনা করে এ ধরনের ঘটনা যাতে না ঘটে সে ব্যাপারে জাতীয় ঐক্যমত গড়ে তুলতে হবে। তিনি এ বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী প্রস্তাব আনার আহবান জানান।

বিরোধী দলীয় নেতা জনাব আ, স, ম, রব বলেন, আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় সংঘর্ষের প্রশ্নটি সংসদে এনেছি। কিন্তু স্বরাষ্ট্রমন্ত্রী নেই তাই উত্তর পাচ্ছি না। তিনি বিষয়টি এড়িয়ে না যাওয়ার আহবান জানান। তিনি বলেন, রায় বিপক্ষে গেলেই তা গণতান্ত্রিক নয় এ প্রবণতা বন্ধ করতে হবে।

জনাব মোহাম্মদ শাহজাহান বলেন, নির্বাচনের দিন রাতে ভাইস চ্যান্সেলর বললেন গণতন্ত্রের সর্বোচ্চ চর্চা ডাকসুর নির্বাচনে হয়েছে। কিন্তু এর পর দিনই মেয়েদের উপর হামলা হয়। সারাদিন সংঘর্ষ চলে এ বিষয়গুলো নিয়ে আলোচনা করতে হবে।

জনাব শাহজাহান সিরাজ বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সংঘর্ষের জের হিসেবে টাঙ্গাইলে দু'দলের মধ্যে সংঘর্ষ হয়েছে পুলিশ নীরব ছিল। একটি মার্কেটে আগুন লাগিয়ে দেয়া হয়। ১ ঘন্টা পর্যন্ত দমকল বাহিনীর কেউ আসেনি।

সংসদ নেতা এ প্রসঙ্গে বলেন, টাঙ্গাইলের সংঘর্ষ দু'টি রাজনৈতিক দলের মধ্যে হয়েছে। এতে সরকারের কোন ভূমিকা ছিল না। কোন ভূমিকা যদি থাকেও তবে তা ছিল গঠনমূলক, তিনি এ বিষয়ে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব আনার আহবান জানান। উল্লেখ্য, এ সময় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী ডাঃ এম. এ. মতিন অনুপস্থিত ছিলেন।

## গণশিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

বর্তমান সরকারের দেশে একটি শিক্ষা বিপ্লব সূচনার চিন্তা-ভাবনা রয়েছে। ইতিমধ্যে এ ব্যাপারে কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

### মওদুদ আহমদ

সংসদ নেতা প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদ বলেন, শিক্ষা সম্প্রসারণের পথে বিরাজিত সমস্যাসমূহের সমাধানে বর্তমান সরকার সর্বাত্মক প্রচেষ্টা চালাবেন। তিনি বলেন, আমাদের দেশে যে গতিতে শিক্ষিতের হার বৃদ্ধি পাওয়া উচিত ছিল সে হারে বৃদ্ধি পায়নি। তিনি গণশিক্ষার উপর অধিক গুরুত্বারোপ করে বলেন, এ জন্য একটি সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

### শেখ শহীদুল ইসলাম

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, বর্তমান সরকারের নতুন শিক্ষা বিপ্লব সূচনার চিন্তা-ভাবনা আছে। এ লক্ষ্যে ইতিমধ্যে বেশ কিছু পদক্ষেপ গৃহীত হয়েছে, ভবিষ্যতে আরও পদক্ষেপ নেয়া হবে।

তিনি বলেন, শুধুমাত্র সরকার সচেষ্ট হলে দুই হাজার কেন দুই লক্ষ বছরেও সবার জন্য শিক্ষা চালু হবে না। সরকার এবং জনগণ সকলে মিলে এই লক্ষ্যে কাজ করতে হবে। তিনি শিক্ষার ক্ষেত্রে নতুন সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সকলের প্রতি আহবান জানান।

### আ, স, ম, রব

বিরোধী দলীয় নেতা জনাব আ, স, ম, রব বলেন, আমরাও সরকারের সাথে দুই হাজার সালে সবার জন্য দেশোপযোগী শিক্ষা চাই।

তিনি বলেন, ইতিপূর্বে ১০টি শিক্ষা কমিশন গঠিত হয়েছে, আবার শিক্ষা কমিশনের দাবী করবো না। সমাজের সর্বস্তরের প্রতিনিধি নিয়ে জাতীয় শিক্ষা পরিষদ গঠন করা হোক।

জনাব রব বর্তমান শিক্ষা পদ্ধতির পরিবর্তন করে গণমুখী, উন্নয়নমুখী শিক্ষা ব্যবস্থা চালুর দাবী জানান।

### এহসান আলী খান

বিরোধী দলের উপনেতা জনাব এহসান আলী খান বর্তমান পরীক্ষা পদ্ধতি ও শিক্ষা পদ্ধতির আমূল পরিবর্তন করে গণমুখী উৎপাদনমুখী শিক্ষানীতি বাস্তবায়নের আহবান জানান।

### শাহজাহান সিরাজ

জাসদের (সিরাজ) জনাব শাহজাহান সিরাজ বলেন, স্বাধীনতার ১৭ বছর পর আজো বাংলাদেশে বাস্তবমুখী সার্বজনীন শিক্ষানীতি চালু হয়নি। আজো বাংলাদেশে শ্রেণী সৃষ্টির শিক্ষা বিদ্যমান।

জাসদের (রব) জনাব মোঃ শাহজাহান বলেন, বাংলাদেশে প্রচলিত শিক্ষা ব্যবস্থায় অভিজাত শ্রেণীরই সমৃদ্ধি হচ্ছে। তিনি বলেন, আল্লাহর তরফ থেকে রাসূলুল্লাহ (সঃ)-এর প্রতি প্রথম নির্দেশ ছিল 'ইকরা' অর্থাৎ পড়। তাই, যে সরকার ইসলামকে রাষ্ট্র ধর্ম করেছেন, সে সরকারকে অবশ্য সমগ্র জনগণকে পড়ার সুযোগ দিতে হবে।

তিনি বলেন, দুই হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে হলে যারা অর্থনৈতিক অবস্থার কারণে শিক্ষা গ্রহণ করতে পারছে না, তাদের ব্যাপারে এবং ড্রপ আউট সমস্যার সমাধানে সরকারের কি অর্থনৈতিক পরিকল্পনা আছে তা জানাতে হবে।